

সীমিত

সেনাসদর  
জিএস শাখা (আইটি পরিদপ্তর)  
ঢাকা সেনানিবাস

তারিখ: ৮৭১১১১১ বর্ষিত: ২২১৬  
ই-মেইল: itdte.gso2coord@army.mil.bd

১৬ কার্তিক ১৪৩০

১১ অক্টোবর ২০২৩

২৩.০১.৯০১.০৩৩.০৩.২২৫.০৬.৩০.১০.২৩


ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ট্রেড লাইসেন্স জেরির কাজ বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে প্রকল্পের কাজের জন্য প্রদানকৃত অর্থের ভ্যাট এবং উৎস কর (AIT) প্রদান প্রসংগে

বরাতঃ

- ক। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) স্মারক নং ৪৬.১০.০০০০.০২২.৯৯.২০২২.১৩৭ তারিখ ২০ জুন ২০২২।  
খ। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) স্মারক নং ৪৬.১০.০০০০.০২২.৯৯.৮৮০.২০২২-৬৩৭ তারিখ ০৪ অক্টোবর ২০২২।

১। বরাত ক এর মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ব্যবসা প্রতিষ্ঠানের অনুকূলে ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন শীর্ষক প্রকল্পটির কাজ সেনাসদর, জিএস শাখা, আইটি পরিদপ্তর এর অধীনে টিআইএল এর মাধ্যমে চলমান রয়েছে। উক্ত প্রকল্প বাবদ গত ০৩ জানুয়ারি ২০২৩ তারিখ হতে ১৮ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত সর্বমোট ৩,১৩,৩৬,৪৮৯.০০ (তিন কোটি তের লক্ষ ছত্রিশ হাজার চারশত ঊননকই মাত্র) টাকা অত্র পরিদপ্তর কর্তৃক গৃহিত হয়েছে। বরাত খ এর আদেশ মোতাবেক নির্ধারিত ভ্যাট এবং উৎস কর (AIT) সরকার নির্ধারিত কোডে জমা প্রদান পূর্বক চালানের ফটোকপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে শ্রেণণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এখানে উল্লেখ্য, DWM পদ্ধতিতে কাজের ক্ষেত্রে PPR অনুযায়ী VAT/Tax & AIT সহ টাকা অত্র সংস্থাকে প্রদান করা এবং নির্বাহী সংস্থা হিসেবে অত্র সংস্থা নির্ধারিত ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল পরিশোধের সময় VAT & AIT at Source কেটে সরকারী কোষাগারে পরিশোধ করার কথা। এছাড়াও, অত্র সংস্থা কর্তৃক প্রকল্প সংক্রান্ত অডিট পরিচালনার সময় VAT & IT পরিশোধ/পরিশোধের স্বপক্ষে মূল চালান উপস্থাপন করতে হয়। এপ্রেক্ষিতে সর্বমোট প্রদানকৃত ৩,১৩,৩৬,৪৮৯.০০ টাকার উপর ২৫% ভ্যাট এবং উৎস কর (AIT) বাবদ ৭৮,৩৪,১২২.০০ (আটাত্তর লক্ষ চৌত্রিশ হাজার একশত বাইশ মাত্র) টাকা আপনাদের কর্তৃক সরকারী কোষাগারে জমা করা হয়ে থাকলে চালানের মূলকপি, অন্যথায় ভ্যাট এবং উৎস কর (AIT) বাবদ ৭৮,৩৪,১২২.০০ (আটাত্তর লক্ষ চৌত্রিশ হাজার একশত বাইশ মাত্র) টাকা অত্র পরিদপ্তরের অনুকূলে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২। ইহা আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

  
মোহাম্মদ কামরুজ্জামান  
মেজর  
পক্ষে সিজিএস

বিতরণঃ

সহির্গমনঃ

কার্যক্রমঃ

প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত সচিব)  
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

অবগতিঃ

প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

ট্রাষ্ট ইনোভেশন লিমিটেড

অভ্যন্তরীণঃ

অবগতিঃ

জিএস শাখা (সমন্বয়)

দৃষ্টি আকর্ষণঃ

মেয়র মহোদয়ের একান্ত সচিব  
(মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)

